

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে বিআরটিসি কর্তৃপক্ষের চুক্তি স্বাক্ষর

আজ ১৯ নভেম্বর ২০১৭, রবিবার সকালে মাননীয় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে ৩টি বাস ভাড়া করার বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাথে বিআরটিসি কর্তৃপক্ষের এক চুক্তি স্বাক্ষর হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল এবং বিআরটিসি কর্তৃপক্ষের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন মিরপুর বাস ডিপো ও জোয়ার সাহারা বাস ডিপোর স্ব স্ব অপারেশনাল ম্যানেজার দ্বয়। এ সময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন এ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, অতিরিক্ত রেজিস্ট্রার ডা. স্বপন কুমার তপাদার উপস্থিত ছিলেন।

